

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫- ৪৫৪

তারিখঃ- ২০/১০/১৬ খ্রিঃ।

বিষয়ঃ- যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত আত্মকর্মসংস্থানে নিয়োজিতদের তথ্য ওয়েবসাইটে আপলোডকরণ সংক্রান্ত।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.০৫৫.১৩-১৭৯ তারিখঃ- ০৩/০৫/২০১৬ খ্রিঃ।

২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-৩৮১ তারিখঃ- ০৮/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমের মাধ্যমে সৃজিত আত্মকর্মীদের তালিকা (শুরু হতে এ পর্যন্ত) ওয়েবসাইটে আপলোড করার প্রক্রিয়ায় কিছু তথ্য বা ফাইল, ডকুমেন্ট ট্রান্সফার পদ্ধতিতে ইতোপূর্বে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। বিভিন্ন উপজেলা হতে আপলোডকৃত তথ্য অসম হওয়ায় উহা ব্যবহার করে স্ব-স্ব উপজেলার স্বয়ংক্রিয় ডাটাবেজ তৈরী করা সম্ভব হচ্ছে না বিধায় সূত্রোক্ত ১নং পত্রের পদ্ধতি অনুসরণপূর্বক তথ্যসমূহ এক্সেল ফাইলে রূপান্তর করে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। তন্মধ্যে ৪টি উপজেলা যথাক্রমে (কোতয়ালী ইউনিট-চট্টগ্রাম, ফেঞ্চুগঞ্জ-সিলেট, রাজনগর-মৌলভীবাজার, জামালগঞ্জ-সুনামগঞ্জ) হতে তথ্য (তালিকা) প্রেরণ করা হয়। প্রেরিত তথ্য (তালিকা) ত্রুটিযুক্ত হওয়ায় ত্রুটিসমূহ উল্লেখ করে সূত্রোক্ত ০১ নং পত্রের নির্দেশনা পুংখানুপুংখরূপে অনুসরণ করে সংশোধিত তথ্য (তালিকা) ১০/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে পুনরায় প্রেরণ এবং যারা কোন তথ্য প্রেরণ করেনি তাদের ৩০/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য প্রেরণের নির্দেশনা দিয়ে সূত্রোক্ত ২নং পত্র পাঠানো হয়। উপরোক্ত ৪টি উপজেলা হতে এবং যে সব উপজেলা হতে ইতোপূর্বে এক্সেল ফাইলে তথ্য প্রেরিত হয়নি তন্মধ্যে ১৫টি উপজেলা হতে তথ্য প্রেরণ করা হয়েছে।


০২। ৪টি উপজেলার পুনঃপ্রেরিত সংশোধিত তথ্য (তালিকা) যাচাই করে দেখা যায়, কোতয়ালী-চট্টগ্রাম, ফেঞ্চুগঞ্জ-সিলেট, রাজনগর-মৌলভীবাজার, জামালগঞ্জ-সুনামগঞ্জ হতে তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। তথ্য/ ছকের তালিকা সংশোধনের ক্ষেত্রে ঐ, “ ”, (,,), - এরূপ কোন চিহ্ন ব্যবহার না করার জন্য সূত্রোক্ত ২নং পত্রের মারফত অনুরোধ জানানো হয়েছে। তাছাড়া ১নং সূত্রের পত্রের সাথে প্রদত্ত উদাহরণে বিষয়টি স্পষ্টীকরণ করা হয়েছে।

০৩। গত ৩০/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে কোন কোন উপজেলা হতে ত্রুটিযুক্ত ও তথ্য বিহীন ফাইল প্রেরণ করা হয়েছে, যা অনাকাঙ্ক্ষিত। ত্রুটির বিবরণসহ উপজেলাসমূহের তালিকা নিম্নে প্রদত্ত হলো :

ক্রমিক নং	জেলার নাম	যে সকল উপজেলা হতে সঠিক তথ্য প্রেরণ করা হয়েছে	যে সকল উপজেলার তথ্যে ত্রুটি রয়েছে	ত্রুটির বিবরণ
০১	লক্ষীপুর		কমল নগর রামনগর	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০২	কুমিল্লা		লাঙ্গলকোট মুরাদনগর	পোর্টেট ফাইলে তথ্য প্রেরণ করা হয়েছে। প্রায় প্রতিটি কলামে “ঐ” চিহ্ন এবং (-) চিহ্ন ব্যবহার করা হয়েছে
০৩	চট্টগ্রাম		মিরসরাই রাউজান	৪, ৭, ৮, ৯ “ঐ” দেয়া হয়েছে তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০৪	বান্দরবান		নাইখংছড়ি রায়ানছড়ি রুমা লামা	১৫নং কলাম ইংরেজীর পরিবর্তে বাংলায় লিখা হয়েছে এবং ১৩-২১ পর্যন্ত (-) চিহ্ন দেয়া হয়েছে। তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। ১২ ও ১৩ নং কলামে - চিহ্ন দেয়া হয়েছে ফাইলে “ঐ” চিহ্ন এবং (-) চিহ্ন ব্যবহার করা হয়েছে।
০৫	রাঙ্গামাটি		কাউখালী	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০৬	সিলেট		সদর বালাগঞ্জ	এক্সেল ফাইল কিন্তু পরিবর্তিত নয়। তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০৭	মৌলভীবাজার		বড়লেখা	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০৮	হবিগঞ্জ		বাহুবল	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।

০৪। এমতাবস্থায় যে সকল উপজেলা হতে ক্রটিযুক্ত তথ্য এবং তথ্যবিহীন ফাইল প্রেরণ করা হয়েছে সেসব উপজেলাকে যাচাই বাছাইপূর্বক সংশোধিত তথ্য প্রেরণের জন্য এবং যে সমস্ত কার্যালয় হতে এ পর্যন্ত ১নং সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক কোন তথ্য/তালিকা প্রেরণ করা হয়নি সে সকল কার্যালয়কে পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক আগামী ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে সংশোধিত তথ্য (তালিকা) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধসহ চূড়ান্ত সময়সীমা নির্ধারণ করা হলো। নির্ধারিত সময়ে তথ্য প্রেরণে ব্যর্থতার দায়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষ প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।


(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ও ডেস্ক কর্মকর্তা
(দাঃ বিঃ ও ঋণ শাখা)

১। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর(সকল)
যুব উন্নয়ন অধিদপ্তর, -----জেলা।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর.....উপজেলা.....জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫- ৪৬৪


তারিখঃ- ২১/১১/১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সহকারী পরিচালক, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। অফিস কপি/গার্ড নথি।


(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ও ডেস্ক কর্মকর্তা
(দাঃ বিঃ ও ঋণ শাখা)

বিঃ দ্রঃ আত্মকর্মসংস্থান সৃজন বিষয়ক প্রতিবেদনের এক্সেল ফাইলে রূপান্তরকৃত ছকে প্রদত্ত তথ্যে কোন চিহ্ন, যেমন 'ঐ', '(,)', ' - ' এরূপ চিহ্নগুলো ব্যবহার করা যাবে না।